

সাকুলার নং- বিজিএ/এডমিন/২০২৪/১২

০৩ জানুয়ারী ২০২৪

সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,


আসসালামু আলাইকুম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-২২৫ এর মাধ্যমে 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন' উপলক্ষ্যে আগামী ০৭ জানুয়ারী ২০২৪ তারিখ (রবিবার) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সারা দেশে নির্বাচনকালীন সাধারণ ছুটি ঘোষণা করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ৫-৮ জানুয়ারী ২০২৪ ছুটি ঘোষণা সংক্রান্ত একটি বানোয়াট প্রজ্ঞাপন প্রচার হচ্ছে যা' জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নয় এবং উক্ত বানোয়াট প্রজ্ঞাপনটি আমলে না নেয়ার জন্য অনুরোধ জানিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অদ্য ০৩ জানুয়ারী ২০২৪ তারিখ একটি বিজ্ঞপ্তি জারী করা হয়েছে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত উক্ত বিজ্ঞপ্তির কপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পৃষ্ঠা।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

- বাংলাদেশ তৈরি -


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-০৩

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-২২৫ নম্বর প্রজ্ঞাপনমূলে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ রবিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সারা দেশে নির্বাচনকালীন সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। প্রজ্ঞাপনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) প্রদর্শিত হচ্ছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ০৫-০৮ জানুয়ারি ২০২৪ তারিখ ছুটি ঘোষণা সংক্রান্ত একটি বানোয়াট প্রজ্ঞাপন প্রচার হচ্ছে যা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নয়। উক্ত বানোয়াট প্রজ্ঞাপনটি আমলে না নেয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো।


০৩/০১/২০২৪

(খালেদ মোহাম্মদ জাকী)

যুগ্মসচিব

বিধি-৪ শাখা

ফোন: ৯৫১৪৪৯২

ইমেইল: info@mopa.gov.bd